


## এসএসসি ২০২১ - হিসাববিজ্ঞান - ৪র্থ এসাইনমেন্ট

### ক) কারবারি বাটা ও নগদ বাটার সমগ্রিক বিশ্লেষণ:-

ব্যবসায় প্রতিষ্ঠানে ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে না দেনা পাওনা নিষ্পত্তির ক্ষেত্রে কিছু টাকা মওকুফ করা হলে বা ছাড় দেয়া হলে তাকে বাটা বলে। বাটাকে মূলত দুই ভাগে ভাগ করা যায়। নিম্নে চিত্রের মাধ্যমে বাটার শ্রেণিবিভাগ দেখানো হলোঃ-



চিত্র:- বাটার শ্রেণিবিভাগ

১। কারবারি বাটাঃ- নগদে বা ধারে ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্যের নির্ধারিত মূল্য থেকে কিছু টাকা মওকুফ করা হলে বা ছাড় দেয়া হলে তাকে কারবারি বাটা বলে। এই বাটা হিসাবের বইতে লিপিবদ্ধ হয় না। শুধুমাত্র তালিকা মূল্য থেকে বাদ দিয়ে দেখানো হয়। কারবারি বাটার উদ্দেশ্য হলো ক্রেতাকে কিছু মুনাফা অর্জনে সাহায্য করা। এটি শুধুমাত্র পণ্য ক্রয় বিক্রয়ের সাথে জড়িত। কারবারি বাটা দুই ধরনের, যথা-

ক। ক্রয় বাটা

খ। বিক্রয় বাটা

ক। ক্রয় বাটাঃ- নগদে বা ধারে পণ্য ক্রয় করার সময় পণ্যের নির্ধারিত মূল্য থেকে ক্রেতা বিক্রেতাকে যে টাকা কম দেয় তাকে ক্রয় বাটা বলে। ক্রয় বাটার ক্ষেত্রে ক্রেতা সুবিধা ভোগ করে। যেমনঃ আবিদ কাশেমের নিকট থেকে ১০% বাটায় ৫,০০০ টাকার পণ্য ক্রয় করলো। এখানে আবিদ  $(৫,০০০ \times ১০\%) = ৫০০$  টাকা বাটা পাবে। ফলে আবিদ কাশেমকে  $১০,০০০ - ৫০০ = ৯,৫০০$  টাকা প্রদান করবে। আবিদ পণ্য ক্রয়ের নির্ধারিত মূল্য থেকে ৫০০ টাকা কম দিল। এটিই ক্রয় বাটা। বাটার এই ৫০০ টাকার জন্য কোন জাবেদা হয় না। শুধুমাত্র টাকার পরিমাণ পণ্যের নির্ধারিত মূল্য থেকে বাদ দিয়ে দেখানো হয়।

খ। বিক্রয় বাটাঃ- নগদে বা ধারে পণ্য বিক্রয় করার সময় পণ্যের নির্ধারিত মূল্য থেকে বিক্রেতা ক্রেতাকে যে টাকা ছাড় দেয় তাকে বিক্রয় বাটা বলে। বিক্রয় বাটার ক্ষেত্রে বিক্রেতা ক্রেতাকে সুবিধা প্রদান করে থাকে। যেমনঃ রনি রাজুর নিকট ১০% বাটায় ১০,০০০ টাকার পণ্য বিক্রয় করলো। এখানে রনি  $(১০,০০০ \times ১০\%) = ১,০০০$  টাকা ছাড় দিলো। ফলে রাজু রনিকে  $১০,০০০ - ১,০০০ = ৯,০০০$  টাকা প্রদান করবে। রাজু পণ্য বিক্রয়ের নির্ধারিত মূল্য

থেকে ১,০০০ টাকা কম দিল। এটিই বিক্রয় বাট্টা। বিক্রয় বাট্টার এই ১,০০০ টাকার জন্য কোন জাবেদা হয় না। শুধুমাত্র টাকার পরিমাণ পণ্যের নির্ধারিত মূল্য থেকে বাদ দিয়ে দেখানো হয়।

২। নগদ বাট্টা:- বাকীতে বিক্রীত পণ্যের মূল্য যথাসম্ভব দ্রুত আদায়ের উদ্দেশ্যে বিক্রেতা বা পাওনাদার তার দেনাদারকে যে পরিমাণ ছাড় দেয় তাকে নগদ বাট্টা বলে। সাধারণত: নির্ধারিত সময় সীমার মধ্যে বা পূর্বে টাকা পরিশোধ করার জন্য দেনাদার এরূপ বাট্টার প্রস্তাব দিয়ে থাকে। যদি কোন দেনাদার নির্ধারিত সময় সীমার মধ্যে বা পূর্বে তার প্রদেয় অর্থ পরিশোধ করে থাকে তাহলে তাকে নগদ বাট্টার সুযোগ দেয়া হয়। এই বাট্টা হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়। এই বাট্টার উদ্দেশ্য হলো দেনাদারের কাছ থেকে দ্রুত অর্থ আদায় করা। কারবারি বাট্টা হিসাব করার পর এই বাট্টা হিসাব করা হয়। নগদ বাট্টা আবার দুই প্রকার। যথা:

ক) প্রদত্ত বাট্টা

খ) প্রাপ্ত বাট্টা

ক) প্রদত্ত বাট্টা:- দেনাদারের নিকট থেকে দ্রুত পাওনা আদায়ের জন্য দেনাদারকে যে ছাড় দেয়া হয়, তাকে প্রদত্ত বাট্টা বলে। যেমন:- সাজিদ মামুনের নিকট ৫০০ টাকা পাবে। সাজিদ মামুনকে প্রস্তাব দিলো, মামুন যদি আগামী এক সপ্তাহের মধ্যে উক্ত টাকা পরিশোধ করে তাহলে তাকে ৫০ টাকা ছাড় দেওয়া হবে। এখন মামুন যদি এক সপ্তাহের মধ্যে টাকা পরিশোধ করে তাহলে ৫০ টাকা ছাড়ে ৪৫০ টাকা পরিশোধ করলে উক্ত লেনদেনটি সমাপ্ত হবে। সাজিদের ৫০ টাকা কম পাওয়ার এই লেনদেনটিকেই প্রদত্ত বাট্টা হিসেবে বিবেচনা করা হয়। এটি একটি ব্যয় হিসাব।

খ) প্রাপ্ত বাট্টা:- কোন ব্যক্তি বা ব্যবসায়ী তার দেনা পরিশোধের সময় পাওনাদারদের নিকট তাকে যে পরিমাণ টাকা ছাড় পায় তাকে প্রাপ্ত বাট্টা বলে। যেমন: ৫০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৪৭০ টাকা প্রদান করা হলো। এক্ষেত্রে পাথক্য ৩০ টাকাই প্রাপ্ত বাট্টা। এটি এক ধরনের আয় বলে ক্রেডিট হয়।

খ) সহায়ক তথ্য ব্যবহার করে ক্রয় জাবেদা প্রস্তুতকরণ:-

সাফওয়ান এন্টারপ্রাইজ-এর

ক্রয় জাবেদা

তারিখ	ক্রেডিট হিসাব খাত	শত	চালান নম্বর	সূত্র	ক্রয় হিসাব পাওনাদার হিসাব	ডেবিট ক্রেডিট
২০২০						
মাচ-১২	সিয়াম ব্রাদাস [গণনা -১]		২০	✓	২৭,১২০	
মাচ-১৫	মদিনা ট্রেডাস [গণনা - ২]	৩/১৫	২৫	✓	১৪,০৪০	
		নিট ৩০			<u>৪১,১৬০</u>	

গণনা – ১ চালান নং- ২০

$$\text{পাইপ ক্রয় (৬০ * ৪৫০) = ২৭,০০০}$$

$$\text{(-) কারবারি বাটা ৪\% = ( ১,০৮০)}$$

২৫,৯২০

$$\text{(+) বীমা খরচ ১,২০০}$$

২৭,১২০

গণনা – ২ চালান নং- ২৫

$$\text{বৈদ্যুতিক তার ক্রয় (৩০ * ৪৮০) = ১৪,৪০০}$$

$$\text{(-) কারবারি বাটা ২.৫\% = (৩৬০)}$$

১৪,০৪০

গ) সহায়ক তথ্য ব্যবহার করে ক্রয় ফেরত জাবেদা প্রস্তুতকরণ:-

সাফওয়ান এন্টারপ্রাইজ-এর

ক্রয় ফেরত জাবেদা

তারিখ	ডেবিট হিসাব খাত	ডেবিট নোট নম্বর	সূত্র	পাওনাদার হিসাব ক্রয় ফেরত হিসাব	ডেবিট ক্রেডিট
২০২০					
মাচ-১৭	সিয়াম ব্রাদাস [গণনা -১]	৮	✓	১,১৫২	
মাচ-২০	মদিনা ড্রেডাস [গণনা - ২]	১১	✓	৮৭৭.৫০	
				<u>২,০২৯.৫০</u>	

[www.24paralekha.com](http://www.24paralekha.com)

গণনা – ১: ডেবিট নোট নং- ৮

$$\text{পাইপ ফেরত (৬০ * ২০)} = ১,২০০$$

$$\text{(-) কারবারি বাটা ৪\%} = (৪৮)$$

১,১৫২

গণনা – ২: ডেবিট নোট নং ১১

$$\text{বৈদ্যুতিক তার ফেরত (৩০ * ৩০)} = ৯০০$$

$$\text{(-) কারবারি বাটা ২.৫\%} = (২২.৫)$$

৮৭৭.৫০

[www.24paralekha.com](http://www.24paralekha.com) \*\*Md. Mustafizur Rahman

[www.24paralekha.com](http://www.24paralekha.com)